

মাউশির নতুন মহাপরিচালক অধ্যাপক এহতেসাম-উল হক

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ১১:৫৬, ২ ফেব্রুয়ারি ২০২৫



অধ্যাপক ড. এহতেসাম উল হক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক (ডিজি) হিসেবে নিয়োগ পেয়েছেন বিসিএস শিক্ষা ক্যাডারের কর্মকর্তা অধ্যাপক ড. এহতেসাম উল হক। তিনি পটুয়াখালী সরকারি কলেজে কর্মরত ছিলেন।

UNIBOTS

রবিবার (২ ফেব্রুয়ারি) শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব মাহবুব আলমের সই করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। তবে তার নিয়োগে ফাইল অনুমোদন হয়েছে বৃহস্পতিবার (৩০ জানুয়ারি)।

গত ৪ জানুয়ারি চাকরি বয়সসীমা শেষ হওয়ায় অবসরোত্তর ছুটিতে যান মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক এ বি এম রেজাউল করীম। তারপর থেকে এ পদটি ফাঁকা ছিল।

ছাত্র-জনতার অভ্যুত্থানে গত ৫ আগস্ট সরকার পরিবর্তনের পর ২১ আগস্ট মাউশির মহাপরিচালকের পদ থেকে পদত্যাগ করেন অধ্যাপক নেহাল আহমেদ। তিনি চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত ছিলেন। ব্যক্তিগত কারণ দেখিয়ে তিনি পদত্যাগপত্র জমা দেন। এরপর মাউশির রুটিন দায়িত্ব পান অধ্যাপক এ বি এম রেজাউল করীম। পরে তাকে মহাপরিচালক পদে চলতি দায়িত্ব দেওয়া হয়।